"শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার কার্যালয়
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন ঃ (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/ভর্তি:২০২০-২১ (GST গুচ্ছ)/৮৩২

তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২১

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট- http://admission.jnu.ac.bd এবং www.jnu.ac.bd

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে A, B এবং C ইউনিটে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের মেধাতালিকা প্রকাশ, ভর্তি কার্যক্রম সম্পন্ন করার সময়সূচি এবং ভর্তি ফিস নিম্নবর্ণিত ভাবে নির্ধারণ করা হলো:

**আগামী ০৭ ডিসেম্বর ২০২১ ইং তারিখ** A, B এবং C ইউনিটে সফল ভাবে আবেদনকারী সকল শিক্ষার্থীর মেধা তালিকা প্রকাশ করা হবে।

**আগামী ০৮ ডিসেম্বর ২০২১ ইং তারিখ** নির্ধারিত আসনে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা (১ম মেধা তালিকা) প্রকাশ করা হবে।

ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে ভর্তির জন্য নির্ধারিত ফিস নিম্নোক্ত মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে এবং সনদপত্রাদি, কাগজপত্রাদি ও ছবি ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে। অটো মাইগ্রেশন বন্ধ করতে চাইলে সংশ্লিষ্ট ডীন অফিসে আবেদন জমা দিতে হবে :

| মেধা তালিকার ক্রম | ভর্তি ফিস জমা দেয়ার সময়কাল | মনোনীত বিভাগে সনদপত্রাদি ও কাগজপত্রাদি জমা দেয়ার সময়সূচি | ডীন অফিসে অটো মাইগ্রেশন বন্ধের আবেদন জমা দেয়ার সময়সূচি |
|---|---|---|---|
| ১ম মেধা তালিকা | ১০ ডিসেম্বর ২০২১থেকে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত। | ১০ ডিসেম্বর ২০২১থেকে ১৫ ডিসেম্বর ২০২১ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) | ১৭ ডিসেম্বর ২০২১ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) |
| ২য় মেধা তালিকা (আসন শূন্য থাকা সাপেক্ষে) | ২০ ডিসেম্বর ২০২১থেকে ২৩ ডিসেম্বর ২০২১ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত। | ২০ ডিসেম্বর ২০২১থেকে ২৪ ডিসেম্বর ২০২১ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) | ২৬ ডিসেম্বর ২০২১ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) |
| ৩য় মেধা তালিকা (আসন শূন্য থাকা সাপেক্ষে) | ২৯ ডিসেম্বর ২০২১থেকে ৩১ ডিসেম্বর ২০২১তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত। | ২৯ ডিসেম্বর ২০২১থেকে ০২ জানুয়ারি ২০২২ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) | ০৪ জানুয়ারি ২০২২ (সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) |

**সংগীত, চারুকলা, নাট্যকলা ও ফিল্ম এন্ড টেলিভিশন** বিশেষায়িত এই চারটি বিভাগের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার পরে বিভাগ অনুযায়ী মেধা তালিকা প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি ও মেধা তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুসারে ভর্তি ফিস নিম্নোক্ত মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে এবং সনদপত্রাদি, কাগজপত্রাদি ও ছবি জমা দিয়ে ভর্তি হতে হবে।

**কোটায় আবেদনকারী শিক্ষার্থীদের সাক্ষাৎকার, ফলাফল ও ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে :**

| কোটার ধরণ | সাক্ষাৎকারের স্থান ও সময়সূচি | ফলাফল প্রকাশের তারিখ | ভর্তি ফিস ও কাগজপত্রাদি জমা দেয়ার সময়কাল |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধা কোটা | **স্থান :** কনফারেন্স রুম (উপাচার্য দপ্তর)। **তারিখ :** ১০ জানুয়ারি ২০২২ ইং। **সময় :** সকাল ১০টা থেকে বিকাল ৪টা। | ১২ জানুয়ারি ২০২২ | **১৩ জানুয়ারি ২০২২ থেকে ১৫ জানুয়ারি ২০২২ ইং** তারিখের মধ্যে ভর্তি ফিস নিম্নোক্ত মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে এবং সনদপত্রাদি, কাগজপত্রাদি ও ছবি ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে। |
| অন্যান্য সকল কোটা | **তারিখ :** ১১ জানুয়ারি ২০২২ ইং। **স্থান ও সময়:** ঐ | | |

কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফিস-এর পরিমাণ:

| অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ | ভর্তি ফিস-এর পরিমাণ |
|---|---|
| বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য | ১২,৪০০/- টাকা **(ব্যবহারিক ক্লাসের ফিসহ)** |
| বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য | ১০,৪০০/- টাকা |
| কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের জন্য (বিশেষায়িত চারটি বিভাগ ব্যাতীত) | ১০,৪০০/- টাকা |
| ফিল্ম এন্ড টেলিভিশন, সংগীত, চারুকলা এবং নাট্যকলা বিভাগ | ১২,৪০০/- টাকা **(ব্যবহারিক ক্লাসের ফিসহ)** |

❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে **Nagad, Rocket** এবং **Sure Cash** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি ফিস জমা দিতে হবে।

❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগে নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:
  - (ক) GST গুচ্ছের ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
  - (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও ৪ **(চার)** কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
  - (গ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  - (ঘ) HSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত প্রশংসা পত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;

❖ ভর্তি হওয়া শিক্ষার্থীদের (মূলকপি সংরক্ষণ পূর্বক) কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট বিভাগ নামের তালিকা তৈরি করে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবে। রেজিস্ট্রার দপ্তর শিক্ষার্থীদের কাজগপত্রাদি যাচাইয়ান্তে আইডি নম্বর প্রদানপূর্বক নামের তালিকা পরবর্তী কার্যার্থে বিভাগসমূহে প্রেরণ করবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুষদের ডীন, ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।

❖ ভর্তি সংক্রান্ত তথ্য http://admission.jnu.ac.bd এবং www.jnu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

০৫.১২.২০২১

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

জবি/প্রশা/ভর্তি:২০২০-২১ (GST গুচ্ছ)/৮৩২

তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা*(কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)*;
৫. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(কেন্দ্রীয় এবং বিভাগীয় তহবিলে অর্থ প্রদানের এ্যাডভাইস প্রেরণ ও বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)*;
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
৮. উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৯. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা *(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)*;
১০. অফিস/সংরক্ষণ নথি।

০৫.১২.২০২১

(মোঃ আল হেলাল উদ্দিন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)